


তারিখ 20 JAN 1987
পৃষ্ঠা 4

191



জাতোক্তি উপজেলা পরিক্রমা

হাজিগঞ্জ JAN 1987

।। সংবাদদাতা ।।

হাজিগঞ্জ উপজেলা চান্দপুর জেলার অন্তর্ম ব্যবসা কেন্দ্র। চান্দপুর জেলা সদর হতে ১৪ মইল পূর্বে এ উপজেলা অবস্থিত। হাজিগঞ্জ উপজেলার পূর্বে শাহারাতি উপজেলা, পশ্চিমে চান্দপুর জেলা সদর উপজেলা, উত্তরে কচুয়া ও মতসব উপজেলা, দক্ষিণে ফরিদগঞ্জ উপজেলা ও লক্ষ্মীপুর জেলা। হাজিগঞ্জ উপজেলার আয়তন ৬৯ ২২ বর্গমাইল। থানা হতে উপজেলায় উন্নীত হয় ১৯৮৩ সালের ১৫ এপ্রিল। উপজেলাটি ১টি পৌরসভা, ১১টি ইউনিয়ন, ১৩১টি মৌজা ও ১৫৭টি গ্রাম নিয়ে গঠিত।

শিক্ষা

হাজিগঞ্জ উপজেলায় ২টি কলেজ, ১৭টি হাইস্কুল, ১৬টি সিনিয়র ও জুনিয়র মাদ্রাসা, ১৫টি সরকারী ও ১৭টি বেসরকারী এবং প্রাথমিক বিদ্যালয়, ৫০টি এবতেদায়ী মাদ্রাসা রয়েছে। আলিগঞ্জ প্রাইমারী শিক্ষক ট্রেনিং সেন্টারটি উপজেলা উল্লেখযোগ।

কৃষি

হাজিগঞ্জ উপজেলা মোট শস্য জমির পরিমাণ ৬৬ হাজার ৭৮০ একর। অনাবাদী জমি ৮ হাজার ৮০৯ একর, একফসলী জমি ৭ হাজার একর, দু'ফসলী ৩ ২৫ হাজার ৩৯০ একর, তিনফসলী ৩ হাজার একর। অধিক উৎপাদনমূল্যী আটক ১১ হাজার ৬৬০ একর, আমন ২১ হাজার ১৯০ একর, বোরো ৭ হাজার ৩৮০ একর, পাট ২ হাজার ২২৫ একর, আলু ১ হাজার ২৫৩ একর, গম ৫ হাজার ২৫০ একর, সারিয়া ৪ হাজার ৩৩০ একর উৎপাদনের লক্ষ্য মাত্রা অর্জন ৭১.৫৮

ভাগ। উপজেলায় মোট কৃষি পরিবার ২৫ হাজার ৯৮৮ জন, সমবায় চাষীর সংখ্যা ২ হাজার ৮শ' জন। কৃষি ব্রক ৩৫। উপজেলায় প্রকল্পের অধীনে জমির পরিমাণ ৪,৬০০ একর। ৭০টি বৈদ্যুতিক মোটরসহ ডিজেল পাওয়ার পাস্পের সংখ্যা মোট ২০টি।

চিকিৎসা

হাজিগঞ্জ উপজেলার আলীগঞ্জে একটি হাসপাতাল রয়েছে। হাসপাতালটি ৩১শয়া বিশিষ্ট, উপজেলা সদরে, ২টি পানির ট্যাঙ্কি ও উপজেলায় ২০,৭৫২টি নলকৃপ রয়েছে।

যোগাযোগ

হাজিগঞ্জ উপজেলার মোট কাচা রাস্তার পরিমাণ ১২৬ মাইল। রেলপথ ৮ মাইল, বাস সড়ক ১০ মাইল, নদীপথ (ডাকাতিয়া) ১ মাইল।

সমস্যা

হাজিগঞ্জ উপজেলায় অস্তহীন, সমস্যা শিক্ষা ক্ষেত্রে রয়েছে। শিক্ষা ভবনগুলো দীর্ঘদিন হতে জরাজীর্ণ অবস্থা রয়েছে। ৩৫টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পাকা দালান ভগ্ন অবস্থায় ধসে পড়ার আশংকা রয়েছে এবং ৫৫টি কাচা ও টিনের ঘর বিশিষ্ট বেড়াহীন অবস্থায় রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে প্রয়োজনীয় আসবাবপত্রের অভাব দীর্ঘদিনের।

চিকিৎসা ক্ষেত্রে উপজেলাটি অনেক পিছিয়ে রয়েছে। কৃষি ক্ষেত্রে যোগ উপযোগী করে গড়ে তোলা একান্ত প্রয়োজন। উপজেলার মসজিদগুলোও অর্থাতে সংস্কার হচ্ছে না।